একই স্মারক ও তারিখের বিকল্প প্রতিলিপি

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
(Website: www.bteb.gov.bd)

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৪.২২-৩৭ তারিখ: ৩০ জুলাই ২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন প্রি-ভোকেশনাল শিক্ষাক্রমের ২০২৫ শিক্ষাবর্ষে ৮ম শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ি অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**শিক্ষার্থীর ভর্তির যোগ্যতা:** কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে প্রাথমিক/ইবতেদায়ী/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সাধারণ/মাদ্রাসা/কারিগরি শিক্ষা ধারায় ৭ম শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

উল্লেখ্য, ৮ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০২৪ খ্রি. তারিখে ১২+ হতে হবে।

**ফিসের বিবরণ (শিক্ষার্থী প্রতি):** রেজিস্ট্রেশন ফি ১৩০.০০ টাকা, ক্রীড়া ও সাংস্কৃতিক ফি ২০.০০ টাকা, রেড ক্রিসেন্ট ফি ২৪.০০ টাকা [উল্লেখ্য, রেড ক্রিসেন্ট ফি প্রতি শ্রেণিতে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম ২০.০০ টাকা (৬০% বা ১২.০০ টাকা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% বা ৮.০০ টাকা বোর্ড প্রাপ্য) হারে বোর্ড প্রাপ্য (৮+৮+৮)=২৪.০০ টাকা।], স্কাউট/গার্লস গাইড ফি ১৫.০০ টাকা (৩০ টাকার ৫০% বা ১৫.০০ টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পাবে এবং ৫০% বা ১৫.০০ টাকা বোর্ড পাবে।) ও বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ টাকাসহ (১০ টাকার ৩০% বা ৩.০০ টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পাবে এবং ৭০% বা ৭.০০ টাকা বোর্ড পাবে।) সর্বমোট ১৯৬.০০ (একশত ছিয়ানব্বই) টাকা হারে একত্রে প্রতিষ্ঠান প্রতি সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করতে হবে।

০১. অনলাইনে ডাটা এন্ট্রির সময়সূচি: **০৩-০৮-২০২৫ খ্রি. হতে ৩১-০৮-২০২৫ খ্রি. পর্যন্ত।**

০২. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা প্রতিষ্ঠানে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে তথ্য সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা যথাযথ ভাবে নিশ্চিত হয়ে ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোনভাবেই শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

০৩. পেমেন্ট ও রেজিস্ট্রেশনের সময়সূচি: **০২-০৯-২০২৫ খ্রি. হতে ২৫-০৯-২০২৫ খ্রি. পর্যন্ত।**

০৪. রেজিস্ট্রেশন কার্ড ও ফাইনাল লিস্ট (হার্ড কপি) প্রিন্টের সময়সূচি: **০১-১০-২০২৫ খ্রি. হতে ১২-১০-২০২৫ খ্রি. পর্যন্ত।**

০৫. প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত পরিশোধ থাকতে হবে।

০৬. নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

০৭. **ই-সেবা প্ল্যাটফর্ম (bteb.gov.bd⇨ই-সেবা⇨প্রতিষ্ঠান লগইন অথবা btebesheba.gov.bd⇨প্রতিষ্ঠান লগইন) এর মাধ্যমে প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে।**

৩০।৭।২৫

**(মোঃ আল মাসুদ করিম)**
সচিব
ফোন: ০২-৫৫০০৬৫২২
ই-মেইল: secretary@bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৪.২২-৩৭(১০) তারিখ: ৩০ জুলাই ২০২৫ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

১-৫. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপপরীক্ষা নিয়ন্ত্রক (ভোক.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. কারিকুলাম বিশেষজ্ঞ (ভোক.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি।

৩০।০৭।২৫

**(প্রকৌশলী মোঃ আব্দুল হান্নান)**
উপসচিব (রেজিস্ট্রেশন)
ফোন (অফিস): ০২-৫৫০০৬৫৩৬